গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**পীরগঞ্জ সরকারি কলেজ**
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
*Website: www.pirganjgc.edu.bd; Email: pgc_net@yahoo.com, Email: c3509@nu.ac.bd; EIIN: 128965*
*অধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩১৮৪, মোবাইল: ০১৭৪০৪৭৩৪৯৩, ০১৩০৯১২৮৯৬৫; উপাধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩২০২; মোবা: ০১৭১২৪৯৮১১৪*

বিজ্ঞপ্তি নং- ৭৭ তারিখঃ ০১/০৯/২০২৬ খ্রি.

## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদনের বিজ্ঞপ্তি

অত্র কলেজে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদনের জন্য শিক্ষা মন্ত্রণালয় অনুমোদিত ভর্তি নীতিমালা-২০২৬ অনুসারে ২০২৬, ২০২৫ ও ২০২৪ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে অত্র প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তির জন্য প্রাথমিক আবেদন করতে পারবে।

আবেদনের যোগ্যতা ও আসন সংখ্যাঃ

| শাখা | আবেদনের ন্যূনতম জিপিএ | মোট আসন সংখ্যা |
|---|---|---|
| বিজ্ঞান | ৪.৫০ | ৩৫০ |
| মানবিক | ৩.৫০ | ৩৩০ |
| ব্যবসায় শিক্ষা | ৩.০০ | ২৭৫ |

ভর্তির আবেদনে বিভাগ নির্বাচন ও অনুসরণীয় পদ্ধতি:

১. ক. বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ এর যে কোনটি।
খ. মানবিক বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ এর যে কোনটি এবং ব্যবসায় শিক্ষা বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগ এর যে কোনটি।
গ. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ এর যে কোনটি ও মুজাব্বিদ মাহির বিভাগ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান বিভাগ ব্যতীত যেকোনটিতে
ঘ. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ সাধারণ শিক্ষা বোর্ডের যে কোন বিভাগে ভর্তির আবেদন করতে পারবে।

২. ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এস, এস, সি বা সমমান পরীক্ষার ফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

৩. কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৩% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য (EQ-1) = ১% এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ ২৮ টি দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে (EQ-2) = ১% সহ মোট ২% আসন মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য নূন্যতম যোগ্যতা থাকা সাপেক্ষে সংরক্ষিত থাকবে। যদি আবেদনকারীর সংখ্যা বেশি হয় সেক্ষেত্রে তাদের নিজেদের মধ্যে মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ভর্তির জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে (এ কোটা মুক্তিযোদ্ধার নাতি/নাতনির ক্ষেত্রে প্রযোজ্য হবে না)। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের আসন নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্র/গেজেটের সত্যায়িত কপি আবেদপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ যথাযথভাবে যাচাই করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে । মূল প্রমাণপত্র প্রদর্শন করতে ব্যর্থ হলে ভর্তির সিলেকশন পেলেও কলেজে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না।

৪. শিক্ষার্থীরা অনলাইন আবেদনের জন্য https://xiclassadmission.gov.bd ওয়েব সাইট ঠিকানার মাধ্যমে কলেজে ভর্তির যোগ্যতা সাপেক্ষে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। আবেদনের ক্ষেত্রে ২২০/- (সার্ভিস চার্জ ব্যতিত) টাকা ফি প্রযোজ্য হবে। আবেদন ফি মোবাইল ব্যাংকিং (যেমন বিকাশ, নগদ, রকেট, ইত্যাদি) ব্যবহার করে জমা দেওয়া যাবে। একজন শিক্ষার্থী

চলমান পাতা

যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করবে।

৫. শুধুমাত্র ১ (এক) টি পর্যায়ে ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ৩৪০/-টাকা (সার্ভিস চার্জ ব্যতিত) জমা দিয়ে তার নির্বাচন নিশ্চায়ন করবে। একজন শিক্ষার্থী একবার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনের জন্য বিবেচিত হবে। মাইগ্রেশন সর্বদাই শিক্ষার্থীর পছন্দক্রমানুসারে উপরের দিকে যাবে। তবে শিক্ষার্থীরা চাইলে নিজ Account এ লগইন করে স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনের অপশনটি যেকোন পর্যায়ের জন্য খোলা ও বন্ধ রাখতে পারবে।

একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬ (সংশোধিত) এর নীতি ৬.০ অনুযায়ী ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু সংক্রান্ত সিডিউলঃ

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১. | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ০২/০৯/২০২৬ (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০টা পর্যন্ত) |
| ২. | শুধুমাত্র পুনঃনিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০টা পর্যন্ত) |
| ৩. | পছন্দক্রম পরিবর্তনের সময়। | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০টা পর্যন্ত) |
| ৪. | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৬/০৯/২০২৬ (বুধবার রাত ৮:০০ টা) |
| ৫. | শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে। | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৮/০৯/২০২৬ (শুক্রবার, রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬. | পছন্দক্রম অনুযায়ী মাইগ্রেশনের ফল প্রকাশ | ১৯/০৯/২০২৬ (শনিবার, রাত ৮:০০ টা) |
| ৭. | ভর্তি | ২০/০৯/২০২৬(রবিবার) থেকে ২২/০৯/২০২৬ (মঙ্গলবার) |
| ৮. | ক্লাস শুরু | ২৩ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার) |

প্রয়োজনে যোগাযোগঃ

১। জনাব বেগম রেজিনা পারভীন, সহযোগী অধ্যাপক, অর্থনীতি, মোবাঃ ০১৭১৬-৪৮৯৮৮৯
২। জনাব ফনীন্দ্র নাথ বর্মণ, সহকারী অধ্যাপক, রসায়ন, মোবাঃ ০১৭৭৩-৪৯৭৩২২
৩। জনাব এস. এম. ওয়াকিলুজ্জামান, প্রভাষক, কৃষিবিজ্ঞান মোবাঃ ০১৭২৩-৪৬৪৫০৪

প্রতিস্বাক্ষরিত

০১/০৯/২৬

(প্রফেসর মো. বদরুল হুদা)
অধ্যক্ষ
পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

০১/০৯/২৬

(বেগম রেজিনা পারভীন)
সহযোগী অধ্যাপক, অর্থনীতি ও
আহবায়ক
একাদশ শ্রেণির ভর্তি কমিটি/২০২৬-২০২৭
পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।